

ড. ভূপেন্দ্রনাথ দত্ত স্মৃতি মহাবিদ্যালয়ের বি.এ অনার্স, পার্ট-২ এর সকল ছাত্রছাত্রীকে জানানো হচ্ছে যে প্রত্যেকে পরিষ্কার ভাবে উত্তরপত্রের প্রথম পাতায় নিজের নাম, ইউনিভার্সিটি রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, ইমেল আইডি ও মোবাইল ফোন নম্বর লিখবে ও যথাযথ সংক্ষেপে উত্তর লিখে সেগুলিকে ছবি তুলে অথবা পি ডি এফ আকারে 124bengalioldpart2@gmail.com এই মেল আইডিতে মেল করবে। মেল পাঠানোর শেষ তারিখ ২/১২/২০২০।

ড. ভূপেন্দ্রনাথ দত্ত স্মৃতি মহাবিদ্যালয়
বি.এ অনার্স পার্ট-২ (১+১+১)
পুরাতন পাঠক্রম

চতুর্থ পত্র

পূর্ণমান- ৫০

১। যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও

২ × ৫ = ১০

- ক) 'বীরঙ্গনা কাব্য' কাকে উৎসর্গ করা হয়েছিল?
- খ) কোন বিদেশী কাব্যের প্রভাব 'বীরঙ্গনা কাব্য' এর মধ্যে পড়েছে?
- গ) 'সারদামঙ্গল' কাব্যে কবি সারদাকে কোন কোন রূপে কল্পনা করেছেন?
- ঘ) 'সারদামঙ্গল' কি ধরনের কাব্য?
- ঙ) 'নির্ব্বারের স্বপ্নভঙ্গ' কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
- চ) 'মানবপুত্র' কবিতায় কাকে মানবপুত্র বলা হয়েছে?
- ছ) তিরিশের দশকের আধুনিক কবিদের চারজনের নাম লেখ।
- জ) 'বনলতা সেন' কবিতায় কোন্ কোন্ স্থানের নামোল্লেখ আছে।

২। যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও।

৫ × ৪ = ২০

- ক) 'বীরঙ্গনা' কাব্যের 'কেকয়ী' পত্রটির অভিনবত্ব সংক্ষেপে আলোচনা কর।
- খ) 'কি ছাড় নিগমতন্ত্র পুরাণের কথা।' কোন পত্রের অংশ? কে কাকে কেন বলেছেন সংক্ষেপে লেখ।

গ) “বিহারীলাল যত বড় ভাবুক তত বড় কবি নন।” - ‘সারদামঙ্গল’ কাব্যের প্রেক্ষিতে মন্তব্যটি সংক্ষেপে বিশ্লেষণে কর।

ঘ) “আজ আমার প্রণতি গ্রহণ কর” কোন কবিতার অংশ? কবি কাকে কেন প্রণতি গ্রহণ করতে বলেছেন সংক্ষেপে লেখ।

ঙ) ‘একটি কবিতার জন্য’ কবিতায় কবি ভঙ্গলোচনের পৌরাণিক প্রসঙ্গ কেন এনেছেন সংক্ষেপে আলোচনা কর।

চ) “আমি যেন সেই বাতিওয়ালা, / যে রাজপথে পথে বাতি জ্বালিয়ে ফেরে।” –কোন কবির কোন কবিতার অংশ? কবি নিজেকে কেন বাতিওয়ালার সাথে তুলনা করেছেন?

৩। যে কোন দুটি প্রশ্নের উত্তর উত্তর দাও

১০ × ২ = ২০

ক) উনিশ শতকের নবজাগরণের প্রভাব কীভাবে বীরঙ্গনা কাব্যের ভাবনায় এবং গঠনে পরিলক্ষিত হয়, আলোচনা কর।

খ) ‘সারদামঙ্গল’ কাব্যের নামকরণ মধ্যযুগীয় হলেও প্রকৃতপক্ষে এই কাব্য নবযুগের লক্ষণাক্রান্ত। আলোচনা কর।

গ) ‘দুই পাখি’ কবিতার মূলতত্ত্বটি নিজের ভাষায় আলোচনা কর।

ঘ) ‘আমার কৈফিয়ৎ’ কবিতায় কবি নজরুলের সাম্যবাদী চিন্তা কীভাবে প্রকাশ পেয়েছে আলোচনা কর।